

যুগান্তর

প্রিন্ট: ২০ আগস্ট ২০২৫, ০১:৫৭ পিএম

শিক্ষাঙ্গন

ডাকসুতে ছাত্রদল

আবিদ-হামিদ-মায়ের পরিষদ, প্যানেলে আরও আছেন যারা



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ২০ আগস্ট ২০২৫, ০১:০৩ পিএম



ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচনে প্যানেল ঘোষণা করেছে জাতীয়তাবাদী ছাত্রদল। কেন্দ্রীয় সংসদে ২৭ জনের প্যানেল দেওয়া হয়েছে। একটি পদে অন্য প্যানেলের জুলাই যোদ্ধা প্রতিদ্বন্দ্বিতা করায় প্রার্থী দেয়নি ছাত্রদল।

বুধবার (২০ আগস্ট) দুপুর ১২টার দিকে বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলার পাদদেশে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এই প্যানেল ঘোষণা করেন ছাত্রদল সভাপতি রাকিবুল ইসলাম রাকিব। এ সময় সংগঠনটির সাধারণ সম্পাদক নাসির উদ্দিনও উপস্থিত ছিলেন।

ছাত্রদলের প্যানেলে এবার সহ-সভাপতি (ভিপি) হিসেবে লড়বেন ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক আবিদুল ইসলাম খান এবং সাধারণ সম্পাদক (জিএস) পদে প্রতিদ্বন্দ্বিতা করবেন কবি জসীম উদ্দীন হল ছাত্রদলের আহ্বায়ক তানভীর বারী হামিম। এজিএস পদে প্রার্থী করা হয়েছে বিজয় একাত্তর হল ছাত্রদলের আহ্বায়ক তানভীর আল হাদী মায়েরকে।

ভিপি পদের প্রার্থী আবিদুল ইসলাম খান ইসলামিক স্টাডিজ বিভাগের ২০১৫-১৬ সেশনের শিক্ষার্থী এবং তানভীর বারী হামিম উইমেন অ্যান্ড জেন্ডার স্টাডিজ বিভাগের ২০১৮-১৯ সেশনের শিক্ষার্থী এবং তানভীর আল হাদী মায়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ২০১৮-১৯ সেশনের শিক্ষার্থী।

ডাকসু নির্বাচনে ছাত্রদলের প্যানেল ঘোষণা

অন্যান্য পদে যারা প্রতিদ্বন্দ্বিতা করবেন—

৪. মুক্তিযুদ্ধ ও গণতান্ত্রিক আন্দোলন বিষয়ক সম্পাদক: আরিফুল ইসলাম

৫. বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক: এহসানুল ইসলাম

৬. কমনরুম, পাঠকক্ষ ও ক্যাফেটেরিয়া বিষয়ক সম্পাদক: চেমন ফারিয়া ইসলাম মেঘলা

৭. আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক: মো. মেহেদী হাসান

৮. সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক সম্পাদক: আবু হায়াত মো. জুলফিকার জিসান

৯. গবেষণা ও প্রকাশনা বিষয়ক সম্পাদক: ১৫ জুলাইয়ে আহত সানজিদা আহমেদ তব্বীর
সম্মানে খালি থাকবে

১০. ক্রীড়া বিষয়ক সম্পাদক: চিম চিম্যা চাকমা

১১. ছাত্র পরিবহণ বিষয়ক সম্পাদক: মো. সাইফ উল্লাহ (সাইফ)

১২. সমাজসেবা সম্পাদক: সৈয়দ ইমাম হাসান অনিক

১৩. ক্যারিয়ার উন্নয়ন বিষয়ক সম্পাদক: মো. আরকানুল ইসলাম রূপক

১৪. স্বাস্থ্য ও পরিবেশ বিষয়ক সম্পাদক: আনোয়ার হোসাইন

১৫. মানবাধিকার ও আইন বিষয়ক সম্পাদক: মো. মেহেদী হাসান মুন্না

১৬. সদস্য: মো. জারিফ রহমান

১৭. সদস্য: মাহমুদুল হাসান

১৮. সদস্য: নাহিদ হাসান

১৯. সদস্য: মো. হাসিবুর রহমান সাকিব

২০. সদস্য: মো. শামীম রানা

২১. সদস্য: ইয়াসিন আরাফাত আলিফ

২২. সদস্য: মুনইম হাসান অরুপ

২৩. সদস্য: রঞ্জন রায়

২৪. সদস্য: সোয়াইব ইসলাম ওমি

২৫. সদস্য: মেহেরুন্নেসা কেয়া

২৬. সদস্য: ইবনু আহমেদ

২৭. সদস্য: সামসুল হক আনান

২৮. সদস্য: নিত্যানন্দ পাল

উল্লেখ্য, এর আগে ৭ টি প্যানেল ঘোষণা করা হয়েছে। ছাত্রদল সবশেষে নিজেদের প্যানেল ঘোষণা করল।